

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৩/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ জাতীয় জাদুঘরে সত্যেন্দ্রনাথ বসু: তাঁর বিস্তীর্ণ জীবন শীর্ষক সেমিনার আয়োজন

বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২৪ এপ্রিল ২০১৯, বুধবার সকাল ১১.০০ টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে **সত্যেন্দ্রনাথ বসু: তাঁর বিস্তীর্ণ জীবন** শীর্ষক সেমিনারের আয়োজন করেছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন কথাসাহিত্যিক ও ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ডিপার্টমেন্ট অব ফিজিক্যাল সায়েন্সেস-এর সহযোগী অধ্যাপক **ড. আহমাদ মোস্তফা কামাল**। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও বোস সেন্টার ফর গ্র্যাডভালুড স্টাডি এন্ড রিসার্চ ইন ন্যাচারাল সায়েন্সেসের পরিচালক **অধ্যাপক সুপ্রিয়া সাহা**, বরেণ্য পদার্থ বিজ্ঞানী **অধ্যাপক ড. অজয় রায়** এবং বরেণ্য পদার্থ বিজ্ঞানী ও বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য **অধ্যাপক ড. সুলতানা শফি**। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি **শিল্পী হাশেম খান**।

অনুষ্ঠানটির সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা